

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.১৯.০০৭.১৯-২৫৬

তারিখ: ২৯ মাঘ ১৪২৯  
১২ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

- সূত্র: ১. স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.০০.০০০০০.০৬৩.১৯.০০৭.১৯-১২, তারিখ: ০২ জানুয়ারি ২০২৩;  
২. ভারপ্রাপ্ত মেয়র (প্যানেল মেয়র-১), সীতাকুণ্ড পৌরসভা পত্র নং সী.পৌ./২০২৩/০৫, তারিখ: ০৯ জানুয়ারি ২০২৩;  
৩. জনাব মুহাম্মদ হারুন-অর-রশীদ, হিসাবরক্ষক, সীতাকুণ্ড পৌরসভা(বদলির আদেশাধীন) এর আবেদন, তারিখ: ১১ জানুয়ারি ২৩ খ্রি.

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৭৩(৫)-এ উল্লেখ রয়েছে, “উপ-ধারা (১) ও (২) এর অধীন নিয়োগপ্রাপ্ত যে কোন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশাসনিক প্রয়োজনে নির্ধারিত কর্তৃপক্ষ তাহার এখতিয়ারাধীন এক পৌরসভা হইতে অন্য পৌরসভায় বদলী করিতে পারিবে” (কর্তৃপক্ষ অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সরকারি কর্মকর্তা); এবং

২। যেহেতু, পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ১১-এ, “কর্মকর্তা বা কর্মচারীর বদলী, যোগদান ও অন্যান্য: (১) জনস্বার্থে তথা পৌরসভার প্রশাসনিক স্বার্থে সরকার পৌরসভার নিয়ামক কর্তৃপক্ষ হিসেবে পৌরসভার যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে এক পৌরসভা হইতে অন্য পৌরসভায় বদলীর আদেশ প্রদান করিতে পারিবে” মর্মে বিধান রয়েছে; এবং

৩। যেহেতু, উল্লিখিত আইন ও বিধিগত এখতিয়ার অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.০০.০০০০০.০৬৩.১৯.০০৭.১৯-১২, তারিখ: ০২ জানুয়ারি ২০২৩ মূলে জনাব মুহাম্মদ হারুন-অর-রশীদ, হিসাবরক্ষক-কে নাজিরহাট পৌরসভা হতে সীতাকুণ্ড পৌরসভায় বদলি করা হয়; এবং

৪। যেহেতু, সূত্র ২ নং স্মারকে স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রেরিত আপনার স্বাক্ষরিত পত্র নং সী.পৌ./২০২৩/০৫, তারিখ: ০৯ জানুয়ারি ২০২৩ মূলে উল্লেখ করা হয়, “উক্ত কর্মচারীকে অত্র পৌরসভায় বদলির পূর্বে মেয়র মহোদয় এর অনাপত্তিপত্র নেননি। বিধায় বিষয়টি অপ্রত্যাশিত ও অনভিপ্রেত এবং অন্যদিকে মেয়র মহোদয় চিকিৎসার লক্ষ্যে ছুটিতে যুক্তরাজ্যে অবস্থান করছেন। তাই এ মুহূর্তে উক্ত কর্মচারীর যোগদান প্রক্রিয়া অগ্রগামী করা কোনভাবেই সম্ভব নয়”; এবং

৫। যেহেতু, আপনি উক্ত পত্রে শিষ্টাচার বহির্ভূত ও ঔদ্ধর্তপূর্ণ ভাষা ব্যবহার করেছেন এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের আইন ও বিধিসম্মত আদেশ বাস্তবায়নে অস্বীকৃতি জ্ঞাপন করেছেন, যা বিধি-নিষেধ পরিপন্থী কার্যকলাপ তথা অসদাচরণের শামিল;

৬। সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ অনুযায়ী বিধি-নিষেধ পরিপন্থী কার্যকলাপ তথা অসদাচরণের অভিযোগে কেন আপনার বিরুদ্ধে অপসারণের পদক্ষেপ গ্রহণ গ্রহণ করা হবে না, এ বিষয়ে আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২/০২/২০২৩  
মোঃ আব্দুর রহমান  
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: [lgpaura1@lgd.gov.bd](mailto:lgpaura1@lgd.gov.bd)

জনাব হারাধন চৌধুরী বাবু  
ভারপ্রাপ্ত মেয়র (প্যানেল মেয়র-১)  
সীতাকুণ্ড পৌরসভা, চট্টগ্রাম

অনুলিপি:

১. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, চট্টগ্রাম
৪. মেয়র, সীতাকুণ্ড পৌরসভা, চট্টগ্রাম